



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ৩০.০৭.২০২৩

প্রেস রিলিজ

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম বিভাগের প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম বিভাগের অষ্টম প্রতিষ্ঠাবার্ষিকী আজ ৩০ জুলাই উদযাপন করা হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন-এর নেতৃত্বে সকাল ১০টায় এ উপলক্ষে আনন্দ র্যালি বের হয়ে ক্যাম্পাস প্রদক্ষিণ করে। র্যালিতে বিভাগের চেয়ারম্যান মোসা. খাদিজাতুল কেবরা, রেজিস্ট্রার বিজন কুমার ব্রহ্ম, শিক্ষক-শিক্ষার্থীসহ অনেকেই অংশগ্রহণ করেন।



৯ম বর্ষে পদার্পণ উপলক্ষে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম বিভাগের শিক্ষক-শিক্ষার্থীদের সাথে আনন্দ শোভাযাত্রায় উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন। ছবি ইমরান আহমেদ

র্যালি শেষে প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের স্বাধীনতা চতুরে উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন বিভাগের শিক্ষক-শিক্ষার্থীদের নিয়ে কেক কাটেন।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

২০১৫ সালের ২৯ জুলাই সমাজকর্ম বিভাগটি প্রতিষ্ঠিত হয়। সেক্ষেত্রে বিভাগটি অষ্টমবর্ষ পেরিয়ে নবমবর্ষে পদার্পণ করলো।

এদিকে গত শুক্রবার (২৮ জুলাই) পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থীদের এক মিলনমেলা ঢাকার গুলশান ক্লাবে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন এবং বিশেষ অতিথি হিসেবে ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. এসএম মোস্তফা কামাল খান। আরও উপস্থিত ছিলেন ফাস্ট ক্যাপিটাল ইউনিভার্সিটি অব বাংলাদেশ-এর সাবেক উপাচার্য অধ্যাপক ড. হ্যরেত আলী, বিশিষ্ট কৃষি বিজ্ঞানী ড. মো. জয়নুল আবেদিন ও পাবিপ্রবি'র প্রস্তর ড. মো. কামাল হোসেন।

বার্তা প্রেরক

(মো.বাবুল হোসেন)

জনসংযোগ কর্মকর্তা

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

০১৯১৩৩৭৬৯২৫